



সাহিত্য অকাদেমির ক্ষেলোশিপ পেলেন সাহিত্যিক শীর্ষেন্দু মুখোপাধ্যায়।
বাংলা সাহিত্যে বিশেষ অবদানের জন্য তাঁকে এই সম্মান দেওয়া হয়েছে।
শনিবার বিকেলে সাহিত্য অকাদেমি সভাঘরে শীর্ষেন্দুর হাতে পুরস্কার তুলে
দেন অকাদেমির সভাপতি চন্দ্রশঞ্চর কম্বার। সম্মানপত্র পাঠ করেন সাহিত্য
অকাদেমির সচিব কে শ্রীনিবাস। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কবি-লেখক
সুবোধ সরকার। চন্দ্রশঞ্চর বলেন, ‘আসাধরণ লেখনী এবং বৈচিত্রের জন্য
তিনি বিশ্ব সাহিত্যে নিজের জায়গা করে নিয়েছেন।’ সম্মান পেয়ে আবেগ
চেপে রাখেননি শীর্ষেন্দুও। কী ভাবে তিনি সাহিত্যচর্চার প্রতি অকৃষ্ট হলেন
সে কথাও এ দিনের অনুষ্ঠানে তুলে ধরেন লেখক। তাঁর বক্তৃতায় উঠে
এসেছে সমসাময়িক সাহিত্যিকদের প্রসঙ্গও। সুনীল গঙ্গোপাধ্যায়, শক্তি
চট্টোপাধ্যায়রা কী ভাবে নিম্ন-মধ্যবিত্ত পরিবার থেকে উঠে এসে বাংলা
সাহিত্যে নিজের জায়গা করে নিয়েছেন, তা-ও বর্ণনা করেন শীর্ষেন্দু।